

নং- ধবিম/হ:শা:/৪-৪৫১/২০১৩-১৬০

তারিখ ১৫ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী আব্দুল আজিজ ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স ১২৯৬), রহমানিয়া ইন্টারন্যাশনাল কমপ্লেক্স (৯ম তলা), রুম নং-০৭, ২৮/১-সি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু আপনি সরকারী ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনার বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ এ বর্ণিত শর্তসমূহ পালনে দৃঢ় অঙ্গীকারবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনি হজ এজেন্সি হয়ে ওমরাহ লাইসেন্স না থাকা সত্ত্বেও ওমরাহযাত্রী প্রেরণের জন্য Facebook স্ট্যাটাস প্রদানসহ যাত্রীদের নিকট হতে টাকা সংগ্রহ করার বিষয়ে অভিযোগ উত্থাপিত হয়; এবং

০৪। যেহেতু এ মন্ত্রণালয়ের ০৯.০২.২০২২ তারিখের স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৪৫১/২০১৩-৩৭ মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে এ ধরনের প্রতারণামূলক বিজ্ঞাপন প্রচারের জন্য কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ০৭ (সাত) দিনের মধ্যে জানানোর জন্য কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় ; এবং

০৫। যেহেতু আপনি ১৩.১২.২০২২ তারিখে লিখিত জবাব দাখিল করেছেন এবং এই ভুলের জন্য ক্ষমা চেয়ে ভবিষ্যতে এ ধরনের অভিযোগ যাতে না হয় সে বিষয়ে সতর্ক থাকার অঙ্গীকার করেছেন;

০৬। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২ এর অধীন দফা “এ” অনুসারে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের যুক্তিসংগত কারণ বিদ্যমান;

০৭। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইনের ২০২১ এর ধারা ১৩ (২) (চ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ করেছেন;

০৮। সেহেতু নিবন্ধন কর্তৃপক্ষের আদেশ মোতাবেক হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১ এর ১৩ (২) (চ) অনুসারে আব্দুল আজিজ ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স ১২৯৬)-কে সতর্কীকরণ করা হলো। ভবিষ্যতে এ ধরনের অনিয়ম পুনরায় করলে বড় ধরনের প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

নং- ধবিম/হ:শা:/৪-৪৫১/২০১৩-১৬০

তারিখ ১৫ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।

৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. জনাব আব্দুল আজিজ, স্বত্বাধিকারী, আবদুল আজিজ ট্রাভেলস এন্ড ট্যুরিজম (হজ লাইসেন্স নং-১২৯৬), রহমানিয়া ইন্টারন্যাশনাল কমপ্লেক্স (৯ম তলা), রুম নং-০৭, ২৮/১-সি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা-১০০০।
১২. অফিস কপি।

— ১৪/১৫
২৮-০৪-২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব